

নোবিপ্রবিতে ছাত্রীদের হলে পুরুষ স্টাফ দিয়ে তল্লাশি

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০২ জুলাই ২০২৫, ০৮:৪৯



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) হযরত বিবি খাদিজা ছাত্রী হলে তল্লাশির সময় একাধিক পুরুষ স্টাফ প্রবেশ করায় শিক্ষার্থীদের মধ্যে তীব্র ক্ষোভ ও উদ্বেগের সৃষ্টি হয়েছে।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

ঘটনাটি ঘটে মঙ্গলবার (১ জুলাই) সন্ধ্যার পর। অভিযোগ রয়েছে, কোনো ধরনের পূর্বঘোষণা ছাড়াই ছাত্রীদের কক্ষে তল্লাশি চালান কয়েকজন নারী ও পুরুষ স্টাফ। এতে ছাত্রীরা চরম অপ্রস্তুত ও অপমানিত বোধ করেন।

হলে অবস্থানরত একাধিক ছাত্রী জানান, ঘটনার সময় তারা বিশ্রামে ছিলেন বা ব্যক্তিগত সময় কাটাচ্ছিলেন। এক ছাত্রী বলেন, “ওড়না পরারও সুযোগ পাইনি। হঠাৎ পুরুষ স্টাফদের উপস্থিতি খুবই বিব্রতকর ও ভীতিকর ছিল।” আরেকজন জানান, “ঘুমিয়ে ছিলাম, কোনো নক না করেই রুমে ঢুকে পড়ে স্টাফরা। এমন আচরণ কতটা যৌক্তিক?”

আরেক ছাত্রী ক্ষোভ প্রকাশ করে বলেন, “প্রভোস্ট ম্যাডাম ছাড়াও ডাইনিংয়ের মামা, অফিসের ছেলেরা, এমনকি কিছু স্যার পর্যন্ত আমাদের রুমে ঢুকে পড়েন। আমি পর্দা মেনে চলি, এটা ছিল সম্পূর্ণ অনভিপ্রেত।”

এ বিষয়ে হলের প্রভোস্ট অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদ জানান, “মেয়েদের হলে পুরুষ স্টাফ আগে ঢোকার কথা নয়। আজকের অভিযানের সময় আমি নিজেও উপস্থিত ছিলাম। কাল গিয়ে যাচাই করে সংশ্লিষ্টদের সতর্ক করব।”

এই ঘটনায় শিক্ষার্থীদের নিরাপত্তা ও গোপনীয়তা লঙ্ঘিত হওয়ায় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। বিশ্ববিদ্যালয়ে এ নিয়ে আলোচনার ঝড় বইছে।